## মাধ্যমিক শিক্ষা সংক্রান্ত সুপারিশসমূহ

সরকারি শিক্ষা সংক্রান্ত এই দলিলে, প্রাথমিক শিক্ষার উন্নতিকল্পে যেরূপ গুরুত্ব দেওয়া হয়েছিল, মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে ততটা দেওয়া হয়নি। মাধ্যমিক শিক্ষার উন্নতিকল্পে গৃহীত সিদ্ধান্তগুলি হল—

[1] **মাধ্যমিক বিদ্যালয় স্থাপন:** নতুন মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের পূর্বে সরকারি অনুমোদন নিতে হবে।

[2] **সরকার ও বিশ্ববিদ্যালয়ের অনুমোদন:** সমস্ত মাধ্যমিক বিদ্যালয়কে সরকার ও বিশ্ববিদ্যালয়ের অনুমোদনপ্রাপ্ত হতে হবে।

[3] **আর্থিক অনুদান প্রদান:** মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নের জন্য সরকারকে যথেষ্ট পরিমাণ আর্থিক অনুদান দিতে হবে।

[4] **শিক্ষক-শিক্ষণ কলেজ স্থাপন:** শিক্ষকদের নতুন নতুন শিক্ষণ পদ্ধতির সঙ্গে পরিচিতি ঘটাতে হবে এবং যথেষ্ট সংখ্যক শিক্ষক-শিক্ষণ কলেজ স্থাপন করতে হবে।

[5] **বিষয়বস্তুর সংযোজন:** মাধ্যমিক পাঠক্রমকে বাস্তবধর্মী করার জন্য কিছু গুরুত্বপূর্ণ বিষয়ের সংযোজন ঘটাতে হবে।

[6] **শিক্ষার মাধ্যম:** মাধ্যমিক স্তরে শিক্ষার মাধ্যম হবে মাতৃভাষা। তবে পাঠক্রমে ইংরেজি ভাষাটিও যুক্ত থাকবে।

[7] **সরকারি পরিদর্শক নিয়োগ:** মাধ্যমিক স্তরে সরকারি নিয়ন্ত্রণের যথার্থতা বিচারের জন্য পরিদর্শনের কঠোরতা থাকবে।

[8] **সরকার পরিচালিত বিদ্যালয় স্থাপন:** শিক্ষার গুণগত মান বৃদ্ধির জন্য সরকার পরিচালিত কিছু বিদ্যালয় স্থাপন করতে হবে।

## উচ্চশিক্ষা সংক্রান্ত সুপারিশসমূহ

1904 খ্রিস্টাব্দের সরকারি শিক্ষা সংক্রান্ত দলিলে উচ্চশিক্ষা বিষয়ক যে নীতিগুলি স্থান পেয়েছিল, সেগুলি মূলত ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশন, 1902-এর ঘোষিত নীতিগুলির অনুরূপ ছিল। তবে কিছু কিছু ক্ষেত্রে সমালোচনার সাপেক্ষে সুপারিশ করা হয়েছে। যেমন—

[1] **সিনেট এবং সিন্ডিকেটের সংখ্যা নির্দিষ্টকরণ:** বিশ্ববিদ্যালয়ে সিনেটের সংখ্যা বৃদ্ধি পাওয়ার ফলে নানান বিষয়ে মতপার্থক্য সৃষ্টি হয়। ফলস্বরূপ প্রশাসনিক জটিলতা দেখা দেয়। তাই এই দলিলে প্রশাসনিক স্বচ্ছতার স্বার্থে সিনেট এবং সিন্ডিকেটের সংখ্যা নির্দিষ্ট করে দেওয়ার সুপারিশ করা হয়।

[2] **পরিদর্শন ব্যবস্থার ওপর গুরুত্ব আরোপ:** কলেজের নিম্নমুখী মানকে ঊর্ধ্বমুখী করতে পরিদর্শন ব্যবস্থার ওপর গুরুত্ব আরোপের কথা বলা হয়।

[3] **বিশ্ববিদ্যালয়ের ভৌগোলিক সীমা নির্দিষ্টকরণ:** প্রশাসনিক কাজের সুবিধার্থে প্রতিটি বিশ্ববিদ্যালয়ের ভৌগোলিক সীমা নির্দিষ্ট করে দেওয়ার সুপারিশ করা হয়।

**উপসংহার:** লর্ড কার্জনের শিক্ষা বিষয়ক সিদ্ধান্ত, 1904 ভারতে শিক্ষার ইতিহাসে এক গুরুত্বপূর্ণ দলিল। তাঁর পূর্বসূরিরা শিক্ষাসংস্কারের নামে যেসমস্ত পদক্ষেপ নিয়েছিলেন, সেগুলির মূল ভিত্তি ছিল ব্রিটিশ সাম্রাজ্যের ভিত দৃঢ় করা। কার্জন সাহেব বিশ্বরত ভারতবাসীর মানসিকতা উপলব্ধি করেছিলেন ও সংকীর্ণতার গণ্ডি পেরিয়ে প্রকৃত সংস্কারের চেষ্টা করেছিলেন। যেমন—শিক্ষার মাধ্যম হিসেবে প্রাথমিক ও মাধ্যমিক স্তরে মাতৃভাষাকে স্বীকৃতি প্রদান, শিক্ষাখাতে অনুদানের পরিমাণ বৃদ্ধি, এদেশের শিল্পকলা ও সংস্কৃতিকে মর্যাদা দিয়ে সেগুলিকে পুনরুজ্জীবিত করার প্রচেষ্টা ইত্যাদি।

Scanned by CamScanner

**প্রশ্ন 2** লর্ড কার্জনের শিক্ষাসংস্কার কর্মসূচির অন্তর্ভুক্ত শিক্ষা সম্মেলনের সংক্ষিপ্ত বর্ণনা দাও। লর্ড কার্জনের শিক্ষানীতির সীমাবদ্ধতা আলোচনা করো। 4+6

**উত্তর**

## শিক্ষা সম্মেলন

1899 খ্রিস্টাব্দে লর্ড কার্জন ভারতের বড়োলাটের পদ অলংকৃত করেন। ব্রিটিশ শাসনকে ভারতে দীর্ঘায়িত করার উদ্দেশ্য চরিতার্থ করতে লর্ড কার্জন শিক্ষাসংস্কারের একটি রূপরেখা তৈরির প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। এজন্য 1901 খ্রিস্টাব্দে সিমলায় প্রায় এক পক্ষকালব্যাপী একটি শিক্ষা সম্মেলনের আয়োজন স্থির করেন। উক্ত সম্মেলনে লর্ড কার্জন বিভিন্ন প্রদেশের শিক্ষা অধিকর্তাদের (Directors of Public Instruction) এবং বিশেষজ্ঞ কিছু ইংরেজ কর্মচারীকে আমন্ত্রণ জানিয়েছিলেন। তবে কার্জনের মনে সন্দেহ ও সংকোচ থাকায় এই সম্মেলনে কোনো ভারতীয় শিক্ষাবিদদের আমন্ত্রণ করা হয়নি।

## লর্ড কার্জনের শিক্ষানীতির সীমাবদ্ধতা

শিক্ষাক্ষেত্রে বিভিন্ন সংস্কারসাধনের মাধ্যমে লর্ড কার্জন উল্লেখযোগ্য শিক্ষা সংস্কারক হিসেবে ভারতীয় শিক্ষার ইতিহাসে স্মরণীয় হয়ে আছেন। তিনি ভারতীয়দের ইচ্ছা-অনিচ্ছা, প্রকোষ্ঠবৃদ্ধি মনের অস্থিরতা উপলব্ধি করে, শিক্ষাব্যবস্থায় মাতৃভাষার প্রবর্তন করেন। এ ছাড়াও তিনি বিজ্ঞান শিক্ষার প্রসার, ইংরেজি শিক্ষার মানোন্নয়ন, বস্তুমুখী পাঠক্রমের প্রবর্তন-সহ নানাবিধ গুরুত্বপূর্ণ পরিবর্তন করে শিক্ষাক্ষেত্রে তাঁর দূরদর্শিতার পরিচয় দিয়েছেন।

তা সত্ত্বেও তাঁর সাম্রাজ্যবাদী মনোভাব তাঁকে কিছু কিছু ক্ষেত্রে আদর্শচ্যুত করেছে। তাই তাঁর শিক্ষানীতি কিছু কিছু ক্ষেত্রে জাতীয় স্বার্থবিরোধী বলে চিহ্নিত হয়েছে। তিনি শিক্ষার ক্ষেত্রে সংকোচনের নীতি গ্রহণ করেছিলেন। তিনি প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক না করায় এর প্রসার ব্যাহত হয়েছিল। 1907 খ্রিস্টাব্দের তথ্যানুযায়ী শতকরা প্রায় ৯০ জন মানুষ শিক্ষা পেত না। প্রাথমিক শিক্ষায় অনুদানকৃত অর্থের পরিমাণ বৃদ্ধি করা হলেও প্রয়োজনের তুলনায় বরাদ্দ অর্থ কম হওয়ায় প্রাথমিক শিক্ষায় আশানুরূপ ফল পাওয়া যায়নি। অর্থাৎ, যে প্রাথমিক শিক্ষা মানুষের চিন্তন-মনন মূল্যবোধ-সামাজিকীকরণের ভিত রচনা করে, সেই প্রাথমিক শিক্ষায় কার্জন সাহেব যথাযথ মনোনিবেশ করেননি।

লর্ড কার্জনের মাধ্যমিক শিক্ষানীতিও জাতীয় স্বার্থবিরোধী ছিল বলে অনেকে মন্তব্য করেন। কারণ সাম্রাজ্যবাদী প্রশাসক লর্ড কার্জন ভারতীয় জাতীয়তাবাদকে ধ্বংস করে ব্রিটিশরাজের বুনিয়াদ মজবুত করতে ব্রতী হয়েছিলেন। তাই শিক্ষাক্ষেত্রে যে সংকোচনের নীতি তিনি গ্রহণ করেছিলেন, তা জাতীয় আশা-আকাঙ্ক্ষার সঙ্গে অনেকক্ষেত্রেই সংগতিপূর্ণ ছিল না। আইনি চাপে পড়ে কিছু সংখ্যক মাধ্যমিক বিদ্যালয় অনুমোদন লাভের শর্তপূরণে তৎপর হলেও বেশিরভাগ বিদ্যালয়ই অনুমোদন লাভে সক্ষম হয়নি।

আবার লর্ড কার্জনের উচ্চশিক্ষা নীতিকেও ভারতবাসীরা ভালো চোখে দেখেনি। এজন্য দায়ী কারণগুলি হল—

[1] কলেজগুলির মানোন্নয়নের ক্ষেত্রে কড়াকড়ি

[2] সিনেটে মনোনীত সদস্যদের সংখ্যাধিক্য

[3] জাতীয় কংগ্রেসকে ধ্বংস করার প্রয়াস ইত্যাদি।

Scanned by CamScanner

সবশেষে বলা যায় যে, লর্ড কার্জনের শিক্ষানীতি কিছুকিছু ক্ষেত্রে জাতীয় স্বার্থবিরোধী হলেও এর বিশ্লেষণ ও মূল্যায়নে অনেক ক্ষেত্রেই ব্যক্তিসত্তা তথা সমাজসত্তার বিকাশ পরিলক্ষিত হয়। ফলে তাঁর শিক্ষানীতি দূরদর্শিতার পরিচয় বহন করে।

## বিভাগ খ

## সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক প্রশ্নোত্তর

প্রতিটি প্রশ্নের মান - 5



প্রশ্ন 1 ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশন কবে, কার নেতৃত্বে গঠিত হয়েছিল? এই কমিশন গঠনের প্রেক্ষাপটটি লেখো। 1+4

উত্তর

1902 খ্রিস্টাব্দের 27 জানুয়ারি তদানীন্তন বড়োলাট লর্ড কার্জনের নেতৃত্বে ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশন গঠিত হয়েছিল।

### ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশন গঠনের প্রেক্ষাপট

ইংরেজ সরকার প্রবর্তিত শিক্ষানীতি ভারতীয় চেতনার বিকাশের পথে অন্তরায় হয়ে দাঁড়িয়েছিল। ফলে ভারতীয় মনে দ্বিধা, দ্বন্দ্ব, দুর্বলতা, অস্থিরতা দেখা দিয়েছিল। এর জন্য দায়ী কারণগুলি ছিল—[1] প্রায় ব্যাবহারিক শিক্ষাবর্জিত পুথিকেন্দ্রিক শিক্ষা, [2] শিক্ষিত বেকারের সংখ্যা বৃদ্ধি, [3] ভারতীয় শিক্ষা-সংস্কৃতির প্রতি অবহেলা, [4] শিক্ষাক্ষেত্রে মানের নিম্নগামীতা, [5] উডের ডেসপ্যাচের নির্দেশানুসারে 1857 খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত তিনটি বিশ্ববিদ্যালয়—[i] কলকাতা বিশ্ববিদ্যালয়, [ii] বোম্বাই বিশ্ববিদ্যালয়, [iii] মাদ্রাজ বিশ্ববিদ্যালয়-এর দীর্ঘকাল সংস্কার না হওয়া এবং শিক্ষার মানোন্নয়নে বিশ্ববিদ্যালয়গুলির অক্ষমতা ও উদাসীনতা।

আপামর ভারতবাসী এরূপ পরিস্থিতি থেকে মুক্তির পথ খুঁজছিল। মুক্তির পথপ্রদর্শক হিসেবে 1885 খ্রিস্টাব্দে গড়ে উঠেছিল জাতীয় কংগ্রেস। জাতীয় কংগ্রেস শিক্ষাসংস্কারের দাবিতে সোচ্চার হয়েছিল, ফলে দেশে ইংরেজবিরোধী বাতাবরণ সৃষ্টি হয়েছিল। ফলে জনজাগরণের জন্য হওয়া আন্দোলনের ব্যাপকতা, জাতীয় চেতনার উন্মেষ ইংরেজ সরকারকে এক গভীর সমস্যার মুখে দাঁড় করিয়েছিল। তাই ভারতীয় জাতীয়তাবাদকে ধ্বংস করে ইংরেজদের ঔপনিবেশিক স্বার্থরক্ষার্থে 1899 খ্রিস্টাব্দে লর্ড কার্জনকে ভারতে বড়োলাট করে পাঠানো হয়েছিল।

Scanned by CamScanner

তিনি গুরুত্ব আরোপ করেন। ওই সংস্কারের উদ্দেশ্যে 1902 খ্রিস্টাব্দের জানুয়ারি মাসে যে শিক্ষা কমিশন গঠিত হয়, সেই শিক্ষা কমিশনই হল ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশন।

1902 খ্রিস্টাব্দের জানুয়ারিতে গঠিত কমিশন অতি তৎপরতার সঙ্গে তাদের দায়িত্ব পালন করে এবং জুন মাসে তাঁদের সুনির্দিষ্ট সুপারিশগুলি সরকারের কাছে উপস্থাপন করে। কমিশনের গুরুত্বপূর্ণ সুপারিশগুলি হল—

[1] **নতুন বিশ্ববিদ্যালয় স্থাপন:** ভারতে প্রতিষ্ঠিত পাঁচটি বিশ্ববিদ্যালয়—কলকাতা, মাদ্রাজ, বোম্বাই, এলাহাবাদ ও পাঞ্জাব ছাড়া নতুন বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রয়োজন নেই বলে কমিশন অভিমত দেয়।

[2] **স্নাতকোত্তর পর্যায়ে পঠনপাঠন:** কলকাতা, মাদ্রাজ ও বোম্বাই বিশ্ববিদ্যালয়কে শিক্ষাদানকারী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি দিয়ে এগুলিতে শুধু স্নাতকোত্তর পর্যায়ের পঠনপাঠনের ব্যবস্থা রাখতে বলা হয়।

[3] **বিশেষ ক্ষমতা:** শিক্ষার মানোন্নয়নকল্পে উক্ত বিশ্ববিদ্যালয়গুলিকে শিক্ষক নিয়োগের ক্ষমতা, গ্রন্থাগার, পরীক্ষাগার স্থাপনের বিশেষ ক্ষমতা প্রদান করতে হবে বলে কমিশন জানায়।

[4] **বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক সীমা নির্দেশ:** কলেজগুলি সুষ্ঠুভাবে পরিচালনের জন্য প্রতিটি বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক সীমা নির্দেশ করতে হবে বলে কমিশন জানায়।

[5] **কলেজ প্রতিষ্ঠার শর্ত:** ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশনে নতুন কলেজ প্রতিষ্ঠা করার ক্ষেত্রে কিছু শর্ত আরোপ-সহ কলেজীয় শিক্ষা সম্পর্কে বেশ কয়েকটি তাৎপর্যপূর্ণ সুপারিশ করা হয়।

[6] **পরীক্ষা ব্যবস্থার নির্দেশ:** পরীক্ষা ব্যবস্থার পুনর্বিন্যাসের জন্য কমিশন কিছু উন্নয়নমুখী কর্মসূচি সুপারিশ করে।

Scanned by CamScanner

[5] বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, প্রাদেশিক শিক্ষা অধিকর্তা ছাড়া অবশিষ্ট শিক্ষক প্রতিনিধি নিয়ে সিন্ডিকেটের মোট সদস্যসংখ্যা 7 জন থেকে 15 জনের মধ্যে থাকবে।

[6] সরকারের অনুমোদন ব্যতিরেকে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত আইন কার্যকর করা যাবে না।


[7] কলেজগুলির অনুমোদন এবং পরিদর্শনের দায়িত্বে থাকবে সিনেট এবং সিন্ডিকেট।

[8] গভর্নর জেনারেল প্রতিটি বিশ্ববিদ্যালয়ের ভৌগোলিক সীমা নির্ধারণ করে দেবেন।

## বিভাগ গ

## অতিসংক্ষিপ্ত প্রশ্নোত্তর

প্রতিটি প্রশ্নের মান - 2



**1 ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের ভিত মজবুত করতে লর্ড কার্জন অনুসৃত কর্মসূচিটি সংক্ষেপে লেখো।**

**উত্তর ▸** ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের ভিত মজবুত করতে লর্ড কার্জন অনুসৃত কর্মসূচির অন্তর্ভুক্ত ছিল—[1] শিক্ষা সম্মেলন, [2] ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশন, 1902, [3] সরকারি শিক্ষা বিষয়ক সিদ্ধান্ত ইত্যাদি।

**2 লর্ড কার্জন কর্তৃক ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশন গঠনের প্রেক্ষাপট ব্যক্ত করো।**

**উত্তর ▸** লর্ড কার্জন উপলব্ধি করেছিলেন যে, উচ্চশিক্ষার সংস্কারের মাধ্যমে ভারতে উচ্চশিক্ষিতদের আস্থাভাজন হতে পারলে জাতীয়তাবাদী বিদ্রোহের গতি রোধ করা সম্ভব হবে। ফলে ভারতের বুকে ব্রিটিশ সাম্রাজ্যের সুদূরপ্রসারী অস্তিত্ব বজায় থাকবে। তাই তদানীন্তন পাঁচটি বিশ্ববিদ্যালয়—কলকাতা, মাদ্রাজ, বোম্বাই, এলাহাবাদ এবং পাঞ্জাবের বিশ্ববিদ্যালয়গুলি সংস্কারের ওপর তিনি জোর দেন। ওই সংস্কারের উদ্দেশ্যে 1902 খ্রিস্টাব্দের জানুয়ারি মাসে যে শিক্ষা কমিশন গঠিত হয়, তা-ই হল ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশন, 1902।

**3 ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশনের যে-কোনো চারটি সুপারিশ লেখো।**

**উত্তর ▸** ভারতীয় বিশ্ববিদ্যালয় কমিশনের চারটি গুরুত্বপূর্ণ সুপারিশ হল—

[1] **নতুন বিশ্ববিদ্যালয় স্থাপন:** ভারতে প্রতিষ্ঠিত পাঁচটি বিশ্ববিদ্যালয়—কলকাতা, মাদ্রাজ, বোম্বাই, এলাহাবাদ ও পাঞ্জাব ছাড়া নতুন বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রয়োজন নেই।

[2] **স্নাতকোত্তর পর্যায়ে পঠনপাঠন:** কলকাতা, মাদ্রাজ, বোম্বাই বিশ্ববিদ্যালয়কে শিক্ষণধর্মী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি দিয়ে এগুলিতে শুধু স্নাতকোত্তর পর্যায়ে পঠনপাঠনের ব্যবস্থা রাখতে হবে।

[3] **বিশেষ ক্ষমতা:** শিক্ষার মানোন্নয়নকল্পে উক্ত বিশ্ববিদ্যালয়গুলিকে শিক্ষক নিয়োগের ক্ষমতা প্রদান-সহ গ্রন্থাগার, পরীক্ষাগার প্রভৃতি স্থাপনের বিশেষ ক্ষমতা প্রদান করতে হবে।

[4] **বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক সীমা:** কলেজগুলি যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয়, সেজন্য প্রতিটি বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক সীমা নির্দেশ করতে হবে।

Scanned by CamScanner